



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd  
E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোর্ড/কলেজ/নিবন্ধন/২০১৬/২৯৬৭(২)

তারিখঃ ১৫/১১/২০১৬ ইং

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের  
রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পাদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজের অধ্যক্ষকে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে নিবন্ধন কার্যক্রম আগামী ২০/১১/২০১৬ ইং তারিখ হতে ০৫/১২/২০১৬ ইং তারিখের মধ্যে অনলাইনে (eSIF) সম্পন্ন করতে হবে। eSIF পূরণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা গেল।

## eSIF পূরণে অনুসরণীয় নিয়মাবলী

- ১। eSIF পূরণের জন্য ০২টি password প্রয়োজন যা অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সরবরাহ করা হয়েছে (২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে eSIF পূরণের জন্য সরবরাহকৃত password ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষেও প্রযোজ্য হবে)। যেহেতু password ০২ টি অত্যন্ত গোপনীয় তাই তা প্রতিষ্ঠান প্রধানকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।
- ২। eSIF চূড়ান্তভাবে দাখিলের পর কোনরূপ সংশোধনের সুযোগ না থাকায়, eSIF এ শিক্ষার্থীর তথ্য পূরণের পর চূড়ান্তভাবে দাখিলের পূর্বে তা প্রিন্ট করে ভালোভাবে যাচাই করে প্রিন্ট কপিতে শিক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অতি সতর্কতার সাথে প্রয়োজনীয় সংশোধনপূর্বক চূড়ান্তভাবে দাখিল করতে হবে।
- ৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও দায়িত্ব প্রাপ্ত শিক্ষকগণকে সূক্ষ্মভাবে নজর রাখার মাধ্যমে eSIF পূরণ কার্যক্রম বিশেষভাবে তদারকি করার জন্য অনুরোধ করা গেল।
- ৪। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে অনুমোদন নেই এমন কোন শাখা ও বিষয়ে eSIF পূরণ করা যাবে না।
- ৫। বোর্ডে দাখিলকৃত টটলিস্ট ও তৎপরবর্তী শাখা ও বিষয় পরিবর্তনের আলোকে eSIF পূরণ করতে হবে। বোর্ডকে অবহিত না করে পূর্বে দাখিলকৃত শাখা ও বিষয় পরিবর্তন গ্রহণযোগ্য হবে না। একাদশ শ্রেণিতে ভর্তি করা হয়নি/বোর্ডে জমাকৃত টটলিস্টে উল্লেখ নেই এরকম কোন শিক্ষার্থীর eSIF পূরণ করা যাবে না। এ আদেশ অমান্য করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। কোন শিক্ষার্থীর মূল নম্বরপত্র কলেজে জমা না থাকলে কোন অবস্থায় সেই শিক্ষার্থীর eSIF পূরণ করা যাবে না।
- ৭। eSIF চূড়ান্তভাবে দাখিলের পর তা প্রিন্ট করে (অধ্যক্ষ ও শিক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত) এক কপি অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখায় নিম্নোক্ত তারিখের মধ্যে জমা দিতে হবে।

ক্রমকনং	জেলার নাম	জমার তারিখ
১।	রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা ও লালমনিরহাট।	২৭/১২/২০১৬
২।	দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড় ও নীলফামারী।	২৯/১২/২০১৬

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ

(মোঃ ফারাজ উদ্দিন তালুকদার)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইড খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইড দেখুন।